

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০৩.২০.৩২০

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০

০২ নভেম্বর ২০২৩

প্রাপক:

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি

বিষয়: জনাব শৈলেন্দ্র লাল চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি এর সাধারণ ভবিষ্য
তহবিলে জমাকৃত অর্থ হতে বয়স ৫২ (বায়ান্ন) বছর পূর্তিতে অফেরতযোগ্য অগ্রিম মঞ্জুরি
সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়, চট্টগ্রাম এর ২২-১০-২০২৩ খ্রি. তারিখের ৩৭৫৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব শৈলেন্দ্র লাল চাকমা, উপজেলা খাদ্য
নিয়ন্ত্রক, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি এর সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং- ১০০০০১৮৮৫০ (পুরাতন হিসাব নং-
মহল/খাদ্য/০৮) এ জমাকৃত ৩৯,১৪,২০২.৮৪/- (উনচল্লিশ লাখ চৌদ্দ হাজার দুইশত দুই টাকা চুরাশি পয়সা) হতে গৃহ
মেরামত খরচ সংকুলানের জন্য ৩০,০০,০০০/- (ত্রিশ লাখ টাকা) বয়স ৫২ (বায়ান্ন) বছর পূর্তিতে অফেরতযোগ্য অগ্রিম
মঞ্জুরের জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। উক্ত আবেদন ফরমে তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের সুপারিশ রয়েছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে সাধারণ ভবিষ্য তহবিল বিধি ১৯৭৯ অনুযায়ী, ১৩(২)ই,১৩(৯)
ধারার বিধানমতে বয়স ৫২ (বায়ান্ন) বছর পূর্তিতে ৩০,০০,০০০/- (ত্রিশ লাখ টাকা) অফেরতযোগ্য অগ্রিম উত্তোলনের
মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করছি। আবেদনকারীর মঞ্জুরিকৃত টাকা তার তহবিলে জমাকৃত টাকার আংশিক চূড়ান্ত নিষ্পত্তি
হিসেবে গণ্য হবে।

আপনার বিশ্বস্ত,



২-১১-২০২৩

মোঃ মনিরুল ইসলাম

উপপরিচালক (বিকল্প কর্মকর্তা)

নম্বর: ১৩.০১.০০০০.০৩৪.০২.০০৩.২০.৩২০/১

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০
০২ নভেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খাগড়াছড়ি
- ৩) জনাব শৈলেন্দ্র লাল চাকমা, , উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, , মাটিরাঙ্গা, খাগড়াছড়ি
- ৪) অফিস/মাস্টার, কপি



২-১১-২০২৩

মোঃ মনিরুল ইসলাম
উপপরিচালক (বিকল্প কর্মকর্তা)